রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জুন ২২, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জুন ২০১৭

**বিষয়:** বিআইসিএম কর্তৃক প্রণয়নকৃত “বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালা, ২০১৭” বাংলাদেশ গেজেটে প্রকাশ সংক্রান্ত।

নং **৫৩.০০.০০০০.৪২১.২০.০০২.১৭-১৬২।**—আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৯ জুন ২০১৭ তারিখের ৫৩.০০.০০০০.৪২১.২০.০০২.১৭.১৬০ নম্বর পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, বিআইসিএম কর্তৃক প্রণয়নকৃত “বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালা, ২০১৭” জারি করা হ’ল।

০২। জনস্বার্থে জারীকৃত উক্ত নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মখফার উদ্দিন খোকন**
সহকারী সচিব।


**মূল্য ঃ** টাকা ৮.০০

# বাংলাদেশ ইনস্টিটিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালা, ২০১৭

**প্রস্তাবনাঃ**

যেহেতু দেশের পুঁজিবাজারের সুষ্ঠু উন্নয়ন নীতিমালা প্রণয়নের জন্য আর্থিক খাতে তথ্য-উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও গবেষণা কার্যক্রম জোরদার করা প্রয়োজন;

এবং যেহেতু বাংলাদেশ ইনস্টিটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর পুঁজিবাজার সংক্রান্ত গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে একটি তহবিল গঠন করা প্রয়োজন;

এবং যেহেতু উক্ত তহবিল পরিচালনার জন্য একটি নীতিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন,

সেহেতু এতদ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইল :

১। **নীতিমালার নাম ও প্রবর্তন :**

(১) এই নীতিমালা বাংলাদেশ ইনস্টিটিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা :**

এই নীতিমালায় অন্য কোন ব্যাখ্যা না থাকিলে—

(১) "তহবিল" অর্থ অনুচ্ছেদ ৪ অনুযায়ী গঠিত বাংলাদেশ ইনস্টিটিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল;

(২) "কমিটি" অর্থ অনুচ্ছেদ ৭(২) অনুযায়ী গঠিত তহবিল পরিচালনা কমিটি;

(৩) "গবেষক" অর্থ গবেষণা কাজে নিয়োজিত ইনস্টিটিটিউটের গবেষক, অনুষদ সদস্য এবং অন্যান্য কর্মচারী;

(৪) "ইনস্টিটিটিউট" অর্থ বাংলাদেশ ইনস্টিটিটিউট অব ক্যাপিটাল মার্কেট।

৩। **তহবিলের উদ্দেশ্য ও বাস্তবায়ন কৌশল :**

(১) অন্যান্য বিষয়াবলীর মধ্যে তহবিলের মূখ্য উদ্দেশ্য হইবে নিম্নরূপ :

(ক) পুঁজিবাজার উন্নয়ন এবং ইহার নীতিমালা সংক্রান্ত ইনস্টিটিটিউটের নিজস্ব গবেষণা কার্যক্রম পরিচালনা জোরদার করা;

(খ) এ ধরনের গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য সরকার, উন্নয়ন সহযোগী, সরকারি প্রতিষ্ঠান, পুঁজিবাজার সংশ্লিষ্ট সংস্থা, বেসরকারি প্রতিষ্ঠান এবং একক ব্যক্তি হতে অনুদান প্রাপ্তির মাধ্যমে (ক) এ উল্লিখিত কাজ বেগবান করা; এবং

(গ) পুঁজিবাজার উন্নয়ন নীতি প্রণয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক গবেষণা কার্যক্রম পরিচালনা।

(২) অন্যান্য বিষয়াবলীর মধ্যে এই নীতিমালার অধীন গৃহীতব্য কার্যক্রম এবং কার্যক্রম-সমূহের বাস্তবায়ন কৌশল হইবে নিম্নরূপ :

(ক) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সাথে আলোচনার মাধ্যমে পুঁজিবাজার উন্নয়ন ও নীতি সংক্রান্ত গবেষণার বিষয়বস্তু নির্ধারণ এবং গবেষণা কার্যক্রম গ্রহণ করা;

(খ) বিএসইসি কর্তৃক নিবন্ধিত স্টক এক্সচেঞ্জ, ডেরিভেটিভস এক্সচেঞ্জ, কমোডিটিজ এক্সচেঞ্জ, সিকিউরিটিজ ডিপোজিটরি কোম্পানি, সেন্ট্রাল কাউন্টার পার্টিসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল এক্সচেঞ্জসমূহের সাথে আলোচনার মাধ্যমে পুঁজিবাজার সংশ্লিষ্ট গবেষণা কার্যক্রম নির্বাচন এবং পরিচালনা করা;

(গ) পুঁজিবাজার উন্নয়নে আগ্রহী অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সাথে আলোচনা করে তাহাদের ইপ্সিত গবেষণা কার্যক্রম নির্বাচন এবং পরিচালনা করা;

(ঘ) বাংলাদেশ ও আর্ন্তজাতিক পুঁজিবাজার কাঠামো, ব্যবস্থা, পদ্ধতি, গতিপ্রকৃতি এবং ধারা সম্পর্কে গবেষণা পরিচালনা করা;

(ঙ) পুঁজিবাজারে নতুন সিকিউরিটিজ উদ্ভাবন এবং উক্ত সিকিউরিটিজ সম্পর্কে বিনিয়োগকারী এবং বাজার মধ্যস্থতাকারীগণকে অবহিত করা সম্পর্কিত গবেষণা পরিচালনা করা;

(চ) পুঁজিবাজারে জ্ঞান এবং প্রযুক্তি উন্নয়ন সম্পর্কে জ্ঞাত হওয়া এবং তা প্রয়োগের ব্যাপারে সুপারিশ করা;

(ছ) বিনিয়োগকারীগণের বিনিয়োগ আচরণ পর্যবেক্ষণ এবং প্রকৃত বিনিয়োগকারীতে রূপান্তরের জন্য প্রয়োজনীয় সুপারিশ করা;

(জ) পুঁজিবাজার সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক এবং আন্তর্জাতিক বৈঠক, সমঝোতা স্মারক বা চুক্তিতে উপনীত হওয়ার জন্য সরকার বা সরকারি সংস্থাকে তথ্য সরবরাহকল্পে তথ্য এবং উপাত্ত সংগ্রহ করা;

(ঝ) পুঁজিবাজারে নতুন প্রডাক্টস চালু করার উপযোগিতা, যথার্থতা এবং পদ্ধতি সম্পর্কে গবেষণা কার্যক্রম পরিচালনা করা;

(ঞ) মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের আইন ও বিধি পরিপালনে আগ্রহ বা অনীহা সম্পর্কে তথ্য সংগ্রহ, কারণ উদঘাটন এবং এ সম্পর্কে প্রতিবিধানমূলক ব্যবস্থার সুপারিশ করা;

(ট) প্রাতিষ্ঠানিক সুশাসন এর অবস্থা নিরূপণ এবং তা উত্তরণের জন্য গবেষণা কার্যক্রম পরিচালনা করা;

(ঠ) শিক্ষার সকল স্তরে পুঁজিবাজার সংশ্লিষ্ট পাঠ্যক্রম তৈরীকল্পে গবেষণা কার্যক্রম পরিচালনা করা;

(ড) পুঁজিবাজারে মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা কর্মচারীগণের পুঁজিবাজার সম্পর্কিত তাত্ত্বিক এবং পেশাগত জ্ঞানের অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহ এবং তাদের মানন্নোয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থার সুপারিশ করা;

(ঢ) পুঁজিবাজারের গতিময়তা বিশ্লেষণ ও কার্যকরণ সম্পর্কিত গবেষণা করা;

(ণ) দেশি এবং বিদেশি বিনিয়োগকারীগণের জন্য গবেষণা তথ্য সরবরাহ করা;

(ত) পুঁজিবাজার গবেষণার ফলাফল নীতি নির্ধারক ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সেমিনার, সভা ও প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করা;

(থ) পুঁজিবাজার উন্নয়ন সংক্রান্ত ইন্সটিটিউটের নিজস্ব গবেষণা কার্যক্রম প্রণয়ন এবং পরিচালনা;

(দ) সরকার এবং জাতীয় রাজস্ব বোর্ড এর বিবেচনার জন্য কোম্পানিসমূহের কর সম্পর্কিত প্রস্তাবনা;

(ধ) উন্নয়ন সহযোগী, বিশ্ববিদ্যালয়, জাতীয় অন্যান্য প্রশিক্ষণ ইনস্টিটিটিউট, আঞ্চলিক, আন্তর্জাতিক সমরূপ প্রতিষ্ঠানের সাথে সহযোগিতার মাধ্যমে যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনা;

(ন) নিয়মিতভাবে পুঁজিবাজার সম্পর্কিত গবেষণা জার্নাল প্রকাশ;

(প) গবেষণা দক্ষতা অর্জনের লক্ষ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের জন্য সহায়তা প্রদান;

(ফ) গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গবেষকদের মান উন্নয়নের নিমিত্তে তাঁদের উচ্চ শিক্ষার ব্যয় নির্বাহের জন্য সহায়তা প্রদান;

(ব) আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করার জন্য বা গবেষণা অভিসন্দর্ভ বা আর্টিক্যাল উপস্থাপনের নিমিত্তে গবেষকগণের ব্যয় নির্বাহের জন্য সহায়তা প্রদান। প্রযোজ্য ক্ষেত্রে সরকার বা ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুরসণ করা হইবে;

(ভ) ইনস্টিটিটিউটের নিজস্ব আয়ের ন্যূনতম শতকরা ২০ (বিশ) ভাগ গবেষণা এনডাউমেন্ট তহবিলে স্থানান্তর; এবং

(ম) গবেষণা কার্যক্রমে সহায়ক হিসাবে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবস্থাপনার জন্য খরচ নির্বাহ করা।

৪। **তহবিল গঠন :**

(১) এই নীতিমালা কার্যকর হইবার পর বাংলাদেশ ইনস্টিটিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল নামে একটি তহবিল থাকিবে।

(২) নিম্নবর্ণিত উৎস হইতে প্রাপ্ত অর্থ সমন্বয়ে তহবিল গঠিত হইবে—

(ক) সরকার কর্তৃক বিশেষভাবে বরাদ্দকৃত তহবিল (Endowment Fund);

(খ) উন্নয়ন সহযোগী কর্তৃক এই উদ্দেশ্যে প্রদত্ত অনুদান;

(গ) বিএসইসি এবং ইহা কর্তৃক নিয়ন্ত্রিত এক্সচেঞ্জসমূহ ও পুঁজিবাজার উন্নয়নে আগ্রহী নিবন্ধনকৃত ব্যক্তি, মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহ, বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনুদান;

(ঘ) বিএসইসি বা সরকার কর্তৃক অনুমোদিত অন্য যেকোন উৎস হইতে প্রদত্ত অনুদান;

(ঙ) ইনস্টিটিটিউটের রাজস্ব আয় হইতে স্থানান্তরকৃত অর্থ; এবং

(চ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত আয়।

৫। **তহবিলের ব্যবস্থাপনা হইবে নিম্নরূপ :**

(ক) এই নীতিমালার উদ্দেশ্য বাস্তবায়নকল্পে তহবিল পরিচালনা কমিটি পরিচালনা পর্ষদ কর্তৃক সময় সময় নির্ধারিত অঙ্ক পর্যন্ত অর্থ বরাদ্দ করিবেন;

(খ) কমিটির অনুমোদনক্রমে তহবিলের অর্থ পরিচালনা পর্ষদ নির্ধারিত নীতিমালা অনুযায়ী ব্যাংকে মেয়াদী বা অন্য কোন লাভজনক হিসাবে জমা রাখা এবং পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করা;

(গ) উক্ত জমার বিপরীতে অর্জিত লভ্যাংশ হইতে তহবিলের আওতায় বরাদ্দপ্রাপ্ত বিভিন্ন গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করা;এবং

(ঘ) তহবিলের অর্থ পৃথক ব্যাংক হিসাবে সংরক্ষিত থাকিবে এবং উক্ত তহবিল সংক্রান্ত হিসাব কমিটির সভাপতি এবং কমিটির সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে;

৬। **বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট**

৭। **তহবিল পরিচালনা কমিটিঃ**

(১) এই নীতিমালার অধীন তহবিল পরিচালনার জন্য বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল পরিচালনা কমিটি নামে একটি কমিটি থাকিবে।

(২) তহবিল পরিচালনা কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবেঃ

| | | |
|---|---|---|
| (ক) | নির্বাহী প্রেসিডেন্ট, বিআইসিএম | -সভাপতি |
| (খ) | পরিচালক (স্টাডিজ), বিআইসিএম | -সদস্য |
| (গ) | বিআইসিএম- এর পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত ৩ (তিন) জন সদস্য যাহার মধ্যে ন্যূনতম ১ (এক) জন গবেষক হইবেন | -সদস্য |
| (ঘ) | পরিচালক (প্রশাঃ ও অর্থ), বিআইসিএম | -সদস্য- সচিব (Non Voting ) |

(৩) অন্যান্য বিষয়াবলীর মধ্যে তহবিল পরিচালনা কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপঃ

(ক) তহবিলের উদ্দেশ্য ও কৌশল সুষ্ঠুভাবে বাস্তবায়ন;

(খ) পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে বার্ষিক গবেষণা কর্মপরিকল্পনা নির্ধারণ;

(গ) গবেষণা প্রস্তাব পর্যালোচনা করে উপযুক্ত প্রস্তাব নির্বাচন;

(ঘ) তহবিলের সার্বিক পরিচালনাসহ ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ ও নিয়ন্ত্রণ;

(ঙ) তহবিলের অর্থে গৃহীতব্য কার্যক্রম বাস্তবায়নে নীতি নির্ধারণ, দিক নির্দেশনা এবং কার্যক্রমের চূড়ান্ত অনুমোদন প্রদান;

(চ) তহবিলের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রমসমূহের পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(ছ) গবেষণার ফলাফল নীতিনির্ধারক ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সেমিনার, সভা ও প্রকাশনার ব্যবস্থা গ্রহণ; এবং

(জ) ষাণ্মাসিক ভিত্তিতে ইনস্টিটিউট পরিচালনা পর্ষদের নিকট প্রতিবেদন উপস্থাপন।

(৪) তহবিল পরিচালনা কমিটির সভা অন্যূন প্রতি ৩ (তিন) মাসে একবার অনুষ্ঠিত হইবে।

৮। **নীতিমালার সংশোধন :**

ইনস্টিটিটিউটের পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে এই নীতিমালা সংশোধন করা যাইবে।

৯। **নীতিমালার ব্যাখ্যা :**

তহবিল পরিচালনা নীতিমালার ব্যাখ্যা সংক্রান্ত কোন বিষয়ের উদ্ভব হইলে বিষয়টি ইন্সটিটিউট পরিচালনা পর্ষদ এর সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপন করিতে হইবে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd